ঢাকা ওয়াসা

১) অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনার কপি।
২) গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন।
৩) আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ "Repairing , Maintenance, Denting & Painting of Double Cabin Pick-Up Dhaka-Metro Tha-11-7768 Under MODS Zone-1, Dhaka WASA.." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সংক্রান্ত।

১। সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, মডস জোন-১ এর ব্যবহৃত ঢাকা মেট্রো-ঠ-১১-৭৭৬৮ ডাবল কেবিন পিকআপ গাড়ীটি দ্বারা অত্র জোনের আওতাধীন নির্বাহী প্রকৌশলী মহোদয়ের অফিসে যাতায়াত সহ বিভাগীয় জরুরি রক্ষণাবেক্ষণ কাজ করা হয়ে থাকে। এছাড়া অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পানির লাইনের জরুরি রক্ষণাবেক্ষণ কাজেও ব্যবহৃত হয়ে থাকে। বর্তমানে ডাবল কেবিন পিক-আপ গাড়ীটির কিছু ত্রুটি দেখা দিয়েছে যেমন পিস্টন, পিস্টন রিং, ইঞ্জিন ভাল্ভ, ক্লাচ প্লেট, প্রেসার প্লেট ইত্যাদি পরিবর্তন করা প্রয়োজন। এছাড়া, গাড়ীর ডেন্টিং- পেইন্টিং কাজের পাশাপাশি শক এবজরভার সমূহ পরিবর্তন করতে হবে। তাছাড়া, গাড়ির ব্রেক সিস্টেম বেশ দুর্বল, ব্রেক স্যু-ব্রেক প্যাড ইত্যাদি মালামাল খারাপ থাকায় গাড়ীটি চালানো কষ্টকর হয়ে পড়েছে। প্রায়শঃ রাস্তায় গাড়ী বন্ধ হয়ে, রাস্তায় চলাচলে ভীষন অসুবিধার সৃষ্টি হচ্ছে। এতে, গাড়ীটি কোন রকম মেরামত করে নির্বাহী প্রকৌশলী মহোদয়ের অফিসে যাতায়াত সহ বিভাগীয় জরুরি রক্ষণাবেক্ষণ কার্যক্রম চালিয়ে নেয়া হচ্ছে। গাড়ীটি মেরামত করা অতীব প্রয়োজন।

২। আলোচ্য কাজ সম্পাদনরে জন্য ঢাকা ওয়াসার তালিকাভুক্ত গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে (সংযুক্ত -০২) । প্রাপ্ত কোটেশনের সর্বনিম্ন দরদাতার দর অনুসরণে একটি প্রাক্কলন (সংযুক্ত -৩) প্রস্তুত করা হলো। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট মূল্য দাঁড়িয়েছে টাঃ ৩,৯৬,৭১৫ (টাকা তিন লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত পনের) মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনার Package No:WR-12(B)-02, যানবাহন রক্ষণাবেক্ষণ খাত- হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)। বর্ণিত কাজটি PPR-2008 এর বিধি ৬৩ অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM), প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। বার্ষিক ক্রয়-পরিকল্পনা অনুযায়ী আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১ হতে অনুচ্ছেদ ২ এর বর্ণনালোকে "Repairing , Maintenance, Denting & Painting of Double Cabin Pick-Up Dhaka-Metro Tha-11-7768 Under MODS Zone-1, Dhaka WASA." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি PPR-2008 এর বিধি ৬৩ অনুসারে Limited Tendering Method (LTM) মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে সর্বমোট টাঃ ৩,৯৬,৭১৫ (টাকা তিন লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত পনের) মাত্র প্রাক্কলনটি পরীক্ষা নিরীক্ষার জন্য নথিটি ঢাকা ওয়াসার গাড়ী মেরামত টেকনিক্যাল কমিটিতে প্রেরন করা যেতে পারে।

AE   E.E.   EE (P&D, EQM)

21.09.25
মোঃ সাকিব রায়হান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

21.09.25
মোঃ ইমদাদুল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

21/09/25
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

AE/TO
22/9/25

ঢাকা ওয়াসা

৪) যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রাক্কলন

৫। **অনুচ্ছেদ ১ হতে অনুচ্ছেদ ৪** অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা পূর্বক "Repairing , Maintenance, Denting & Painting of Double Cabin Pick-Up Dhaka-Metro Tha-11-7768 Under MODS Zone-1, Dhaka WASA." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য সর্বমোট টাঃ ৩,৮০,৫৪৫ (তিন লক্ষ আশি হাজার পাঁচশত পঁয়তাল্লিশ) টাকা মাত্র অনুমোদনের সুপারিশ করা হয়েছে (সুপারিশকৃত প্রাক্কলনঃ সংযুক্তি- ০৪) ।

বর্ণিত কাজের ব্যায়ভার মডস জোন-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার Package No:WR-12(B)-02, যানবাহন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে (সংযুক্তি: ১)। বর্ণিত কাজটি পি.পি.আর-২০০৮ এর বিধি ৬৩ অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM), প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, বার্ষিক ক্রয়-পরিকল্পনা অনুযায়ী আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

23/09/25
SAE, MODS Zone-1
DWASA.

AE
AE
MODS Zone-1
DWASA.

EE
23/09/25
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

SE(MODS C-1)

২৪/০৯/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
০৫। অনুমোদিত
23/09
2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা